



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নরিশ নিউ ইয়র্ক প্রোগ্রামকে আইন হিসেবে বিধিবদ্ধ করার বিধিমালায় স্বাক্ষর করলেন

S.4892-A/A.5781-A স্থায়ীভাবে এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস আইনে নরিশ NY প্রোগ্রাম তৈরি করে

গভর্নর ক্যাথি হোকল আজকে, কুইন্সের করোনাতে বিধিমালা S.4892-A/A.5781 স্বাক্ষর করলেন, যা দ্বারা নরিশ নিউ ইয়র্ক (Nourish New York) প্রোগ্রাম স্থায়ীভাবে স্টেটের আইনে অন্তর্ভুক্ত হল। এই বিধিমালায় স্বাক্ষর হল ঠিক থ্যাঙ্কসগিভিং ছুটির আগ দিয়ে, যা স্টেটজুড়ে খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা মানুষকে সমর্থন করার ক্ষেত্রে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে পুনর্নিশ্চিত করে।

"কোভিড-19 মহামারী অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য নজিরবিহীন কঠিন সময় নিয়ে এসেছে এবং যারা আগেই সমস্যায় ছিলো তাদের পরিস্থিতি আরো খারাপ করেছে," **গভর্নর হোকল বলেন।** "নরিশ NY প্রোগ্রাম বাস্তবায়ন খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা মানুষের সাহায্যের ক্ষেত্রে বিশাল সাফল্য পেয়েছে এবং একইসাথে নিউ ইয়র্কের খামারগুলি এর দ্বারা লাভবান হয়েছে। যখন আমরা ছুটি উদযাপন করার প্রস্তুতি নিচ্ছি, আমি আমাদের স্টেট যাতে ক্ষুধার বিরুদ্ধে লড়াই অব্যাহত রাখে এবং অভাবীদের সাহায্য করে তা নিশ্চিত করার জন্য এই বিধিমালায় স্বাক্ষর করে গর্বিত।"

নরিশ নিউ ইয়র্ক উদ্যোগটি নিউ ইয়র্কের বাড়তি কৃষি পণ্য স্টেটের ফুড ব্যাঙ্কগুলির মাধ্যমে সবথেকে অভাবী জনসাধারণের নিকট পৌঁছে দেয়। এছাড়াও প্রোগ্রামটি কোভিড-19 মহামারীর ফলে বাজার হারানো খাদ্য উৎপাদনকারীদের এবং খামারীদের অতি-প্রয়োজনীয় সমর্থন প্রদান করে যেহেতু স্টেটের ফুড ব্যাঙ্কগুলি নিউ ইয়র্কের খামারি ও খাদ্য প্রস্তুতকারীদের থেকে কৃষি পণ্য কিনে নিচ্ছে।

প্রোগ্রামের তিন রাউন্ডের মধ্য দিয়ে, নিউ ইয়র্কের ফুড ব্যাঙ্কগুলি 35 মিলিয়ন পাউন্ডের বেশি নিউ ইয়র্ক খাদ্য পণ্য কিনেছে, যা 29,800,000 বেলার আহারের সমান। চতুর্থ রাউন্ডে, এখন পর্যন্ত, নিউ ইয়র্কের ফুড ব্যাঙ্কগুলি 6,903,366 পাউন্ড খাদ্য কিনেছে এবং তা দিয়ে অভাবী পরিবারের জন্য অতিরিক্ত 5,752,805 বেলার আহার তৈরি করেছে। 2020 সালের মে মাসে শুরু হওয়ার পর থেকে নরিশ NY এ মোট 85 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। নরিশ NY এর খাদ্য ক্রয় স্টেটজুড়ে 4,178টি ব্যবসাকে প্রভাবিত করেছে।

নরিশ NY এর ব্যাপারে আরো জানুন [এখানে](#)।

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "নরিশ নিউ ইয়র্ক হল একটি শক্তিশালী আপস্টেট/ডাউনস্টেট অংশীদারিত্বের সংজ্ঞার মতো যা প্রদর্শন করে যে আমরা কঠিন সময়ের মধ্য দিয়ে যাওয়া নিউ ইয়র্কবাসীকে জীবনের-টেকসই সেবা প্রদান করার জন্য একত্রে কাজ করলে কী অর্জন সম্ভব এবং একই সাথে খাদ্য ব্যবস্থায় উদ্ভাবন নিয়ে আসে। আমাদের স্টেটের সবথেকে কালো অধ্যায়গুলির একটির সময়, নরিশ নিউ ইয়র্ক সহানুভূতি ও দ্বিদলীয় সমর্থনের আলোর একটি শিখার মতো যা খাদ্য অনিরাপত্তার বিধ্বংসী কলঙ্কের সমাধান এনেছে এবং আপস্টেটের ব্যবসায় টিকে থাকতে সংগ্রাম করতে থাকা খামারিদেরকে আমাদের সম্প্রদায়কে খাদ্য দিতে থাকার নতুন পন্থা প্রদান করেছে, ফলে এটি যেকোনো দিক দিয়ে সকলের বিজয়ের জন্য একটি ফ্রেমওয়ার্ক। আমি এই গুরুত্বপূর্ণ বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং কোনো নিউ ইয়র্কবাসীকে বঞ্চিত না করা নিশ্চিত করতে আরো আপস্টেট/ডাউনস্টেট জোট সৃষ্টি করতে আগ্রহী।"

অ্যাসেম্বলিমেম্বার ক্যাটালিনা ক্রুজ বলেন, "কোভিড-19 মহামারী ক্ষুধা এবং খাদ্য অনিরাপত্তা সমস্যা বর্ধিত করেছে যা এর আগেই স্টেটের অনেক সম্প্রদায়কে গ্রাস করেছিলো, যার মধ্যে আমার জেলার হাজার হাজার পরিবার আছে। যখন সরবরাহ চেইন বিপর্যস্ত হল তখন আমাদের খামারিরাও তাদের ব্যবসার লাভ প্রভাবিত হতে দেখেছে। নরিশ NY আমাদের প্রতিবেশীদের সাহায্যকারী খাদ্য প্যান্ট্রিগুলিকে সমর্থনের জন্য জীবন বদলে দেওয়ার মতো সুযোগ উপস্থাপন করেছে এবং একই সাথে আমাদের খামার সম্প্রদায়কে টিকিয়ে রাখার জন্য লড়াই করেছে। আমি গর্বিত যে আমি এই বছরের বাজেটে নরিশ NY-র জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য চাপ প্রদান করেছি। পাশাপাশি, এই আইনের স্বাক্ষরের সাথে, আমরা এখন জীবন বাঁচানোর এই প্রোগ্রামকে অব্যাহত রাখা নিশ্চিত করছি। আমাদের জন্য অত্যন্ত জরুরি হল এই নতুন আইনে অন্তর্ভুক্ত বার্ষিক রিভিউ দ্বারা আমাদের জরুরি খাদ্য ব্যবস্থা জোরদার করা। আমি এই লড়াইয়ে আমার স্পনসর ও অংশীদার, সিনেটর হিঞ্চি ও বোরেলোকে এবং একই সাথে চেয়ারপার্সন লুপার্ডোকে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি গভর্নর হোকল ও তার দলকে জীবন রক্ষাকারী এই বিধিমালা স্বাক্ষর ও আমাদের সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই। যেহেতু খাদ্যমূল্য বৃদ্ধি পাচ্ছে এবং আরো বেশি খাদ্য প্যান্ট্রি প্রয়োজনীয় পণ্য কিনতে সমস্যায় পড়ছে, তাই এখনই হল নতুন এই আইনের নিখুঁত সময়। "

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "নরিশ NY মহামারী চলাকালীন আমাদের খামারিদের থেকে অভাবী মানুষ পর্যন্ত খাদ্য পৌঁছে দেওয়ার একটি অতি জরুরি পাইপলাইন হিসেবে কাজ করেছে, বিশেষ করে যখন সরবরাহ চেইন ব্যাপকভাবে বিঘ্নিত হয়েছিলো। আজকের গভর্নর হোকলের পদক্ষেপ প্রোগ্রামটিকে নিউ ইয়র্ক স্টেটের জন্য স্থায়ী করলো। নরিশ NY খামারিদের ফল, সবজি, দুগ্ধজাত পণ্য ও আরো অনেক কিছু ফসল উত্তোলন, প্যাকেজিং, এবং পরিবহনে সাহায্য অব্যাহত রাখবে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর কাছে খাবার পৌঁছে দেওয়া নিশ্চিত করবে। নিউ ইয়র্কের কৃষি ও আমাদের স্থানীয় খাদ্য ব্যবস্থাকে জোরদার করার জন্য আমাদের একসাথে কাজ চালিয়ে যাওয়া

জরুরি, যাতে করে মহামারী চলে যাওয়ার অনেক পরেও আমাদের নিজেদের খাদ্যের ব্যবস্থা করার সক্ষমতা থাকে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)